

কাক

যাকে তুমি কাক বলো, সে আমার প্রধান - শিক্ষক :

সব রং শুষে নিয়ে ছাতারং নিরপেক্ষ মানুষের কাছে কাছে থাকে।

সংসারের খোঁজ রাখে, ভাতের হাঁড়ির খোঁজ, শিশুর কখন খিদে পায় তার খোঁজ।

যদিও দূর ছ্যা শোনে, তবু তার আসা চাই দ্যাখা চাই রোজ।

আমি তাকে দেখি আর মনে মনে ভাবি হয়তো ময়ুরের থেকেও সুন্দর

সম্পূর্ণ সন্দেহ তার ঘাড় ঘোরানোয়।

পালিয়ে যায়নি তার মন।

আকাশে নীলের মধ্যে ঘুরে ঘুরে তার কিন্তু একা একা কানা নেই কোনো।

আমাদের মধ্যে থেকে সুখ দুঃখ সব নিয়ে

ধনী হ'য়ে তবুও নির্ধন

সুবাতাস

কালো ঘৃণা কেউ ছড়িয়ে রেখেছে আমি ওই পথে যাবো না।

বরং এখানে ভালোবাসা দিয়ে সাজানো মাটির কুটিরে

সজ্জিবাগানে জলসেচ দেবো, মৃদু উড়ে যাওয়া তিতিরের

মতোন সহজ গমন চাইবো, তবু বাজপাখি নেবো না।

এতদিন ধরে সাধারণ আছি, আজ তবে কেন উত্তাল ?

আমি তাকে ধ'রে আঙুলে জড়াবো, সে তার পুরানো আঁচলে

আমাকে মিথ্যা মারবে, আমার বুকের শ্বাসের বাতাসে

তার নিঃশ্বাস ঢেলে দেবে, তবে কেন আমি আজ বেসামাল ?

ওই পথে ধনী মানুষেরা যায়, তাদের নগ্ন যুবতী।

আমি ভালোবাসি পোশাকে থাকতে, অলংকারের আরামে

বিকেলে উঠোনে চুপচাপ ব'সে আকাশে তাকিয়ে বাদামে

চুম্বন দিতে খুব ভালো লাগে, আমি আমাদের ভূপতি।

তবে ওই পথে দূরে সরে যাক, বাঘ সমুদ্র উচ্ছ্঵াস।

আমি ভালো আছি ছোট পশু হ'য়ে, আমার লেখারা প্রগাঢ়

রক্ত প্রবাহে সহজেই চলে, কি কাজ আমার ডাকাতের ?

ছোট চোর ছোট মন্দ কিশোরী, এখানে আমার সুবাতাস

বন্ধু

বন্ধু নির্বাচন করা কে বলে জটিল কাজ, পৃথিবীতে সব স্বত্তি বন্ধুই আমার

শুধুমাত্র প্রাণী নয়, শুধুই উদ্ভিদ নয়, কেবল জড়তা নয়, তবে আর কি কি স্বত্তি বন্ধুই

আমার ?

প্রথম চাকার গল্প, প্রথম সে আগুনের, প্রথম সে এরোপ্লোন, প্রথম প্রেমের হাসি, খুশি
সেই মেয়েটির বন্ধু আমার

প্রথম সে অনুভব আমিত্বের, সর্বতার, আঠামাখা মুক জন্ম, একদিন ডেড্বড়ি

যতদিন এই আমি যতদিন ওই তুমি যতদিন আশপাশ গোল চাঁদ লাল সূর্য নীল
আকাশ কালো মেঘ শোঁশোঁ বাড় স্বাদু বৃষ্টি

বাজারে কসাই আর হাসপাতালে নার্স আর অফিসে পিওন আর মিনিবাসে কালো
মেঘে বন্ধুই আমার

বন্ধু নির্বাচন আমি কেন করতে যাবো যখন এ জৈবাজৈব অনিঃশেষ বন্ধুই
আমার